

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারাঅধিদপ্তর
৩০/৩ উমেশদত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd


পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২০- ২৫৯ (১১০)

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

বিষয়: সরকারের নির্বাহী আদেশে বন্দি মুক্তি প্রদানের সময় জেলা ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত করণ প্রসঙ্গে

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো কারাগারের জেলার/জেল সুপার/ সিনিয়র সুপারগণ সরকারের নির্বাহী আদেশে বন্দি মুক্তি প্রদানের সময় জেলা ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত করেন না। এর ফলে স্থানীয় কারা কর্তৃপক্ষ ও জেলা প্রশাসনের সাথে ভুল বুঝাবুঝির সৃষ্টি হচ্ছে যা আদৌও কাম্য নহে। যে সকল কারাগারে ভারপ্রাপ্ত জেল সুপার হিসাবে জেলা ম্যাজিস্ট্রেটের প্রতিনিধি নিযুক্ত আছেন সেখানে তাঁর মাধ্যমে জরুরি বিষয়গুলি জেলা ম্যাজিস্ট্রেটকে অবহিত করা একজন জেলারের অন্যতম দায়িত্ব।

অতএব, এখন থেকে বিভিন্ন দিবসে সরকারের নির্বাহী আদেশে বন্দি মুক্তি প্রদানসহ বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেটগনকে যথাসময়ে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।



মোহাম্মদ তৌহিদুল ইসলাম

বিজে-০১৭৫০২০০৩০১

কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর, অ: দা:)

পক্ষে-কারা মহাপরিদর্শক

ফোনঃ ৫৭৩০০৪০০ (দপ্তর)

dighq@prison.gov.bd

সিনিয়র সুপার/জেল সুপার

সকল কেন্দ্রীয়/জেলা কারাগার; (ই-মেইল যোগে)

অনুলিপি : জ্ঞাতার্থে / কার্যার্থে

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ; (ই-মেইল যোগে)
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৩. পরিচালক ইনচার্জ কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৪. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; বিবেচ্যপত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. গার্ডফাইল।